# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমাদের উল্লেখিত মালিকের হাদীসটি সংক্ষিপ্ত, যার বিবরণ উবাইদুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বর্ণিত হাদীসে রয়েছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ خَبَرَ مَالِكٍ الَّذِي ذَكَرْنَاهُ خَبَرٌ مُخْتَصَرٌ ذُكِرَ بِقِصَّتِهِ فِي خَبَرِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ

---

আরবী

1865 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ بِحَرَّانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ: عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ إِذَا دَخَلَ فِي الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَكَعَ وَإِذَا قَالَ: (سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ) وَإِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْنِ رفعهما إلى منكبيه.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1865 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (728).

বাংলা

১৮৬৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতের সূচনা করতেন, তখন রফ‘উল ইয়াদাইন করতেন। যখন তিনি রুকূ‘ করতেন, (রুকূ‘ থেকে মাথা উত্তোলন করার সময় যখন) বলতেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে। হে আমাদের প্রভু, আর আপনার জন্য সমস্ত প্রশংসা) এবং যখন তিনি দ্বিতীয় রাকা‘আত থেকে দাঁড়াতেন, তখন তিনি কাঁধ বরাবর রফ‘উল ইয়াদাইন করতেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৫; সহীহ আল বুখারী: ৭৩৫; আবূ দাঊদ: ৭৪২; নাসাঈ: ২/১২২; দারেমী: ১/২৮৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২২৩; সুনান বাইহাকী: ২/৬৯; বাগাবী: ৫৫৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫১৮; সহহি মুসলিম: ৩৯০; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৫৬; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৪; ইবনুল জারূদ: ১৭৮; বাগাবী: ৫৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91081

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন